



### মা-বাবা

আমরা মূর্খ, আমরা অজ্ঞ,  
 আমরা খুজি দেবতারে মন্দিরে মসজিদে,  
 কিন্তু যে দেবতা আমাদের জন্মদাতা  
 তাদের আমরা দেখেও দেখিনা  
 দেখিনা তাদের অস্তিত্বকে;  
 আমরা খুজে বেড়াই পাথরের মাঝে দেবতাকে।  
 কিন্তু, যে মা-বাবা দেবতার থেকেও বড়  
 তাদের তুচ্ছ করে রেখেছি ঘরের কোণে  
 পাথরের দেবতার চরনামৃত গ্রহন করি স্ব-হস্তে  
 কিন্তু। জীবন্ত দেবতার চোখের জল-  
 আমাদের কাছে আজ মূল্যহীন।।

--- স্বপন ধর ও দেবজিৎ চৌধুরী